এপেক্স ক্লাব অব মেহেরপুরের উদ্যোগে ইফতার ও ঈদ সামগ্রী বিতরণ

এপেক্স ক্লাব অব মেহেরপুরের উদ্যোগে গাংনীতে ইফতার ও ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার বিকেলে গাংনী সরকারি ডিগ্রি কলেজ রোডে জামান এন্টারপ্রাইজের সামনে ভ্যান ও রিকশা শ্রমিকদের মাঝে এসব ঈদ সামগ্রী বিতরণ করা হয়। এ সময় অসহায় ও শ্রমজীবী মানুষের মাঝে ইফতার সামগ্রীও প্রদান করা হয়।

ঈদ সামগ্রী বিতরণ শেষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে এপেক্স ক্লাব অব মেহেরপুরের সভাপতি জুলফিকার আলি ভুট্টোর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক নাফিউল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক আবু জাফর, এপেক্স ক্লাব জেলা-০৬ এর গভর্নর রফিকুল আলম বকুল, ক্লাবের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট নুরুজ্জামান, ভাইস প্রেসিডেন্ট এম এ বাশার, সার্জেন্ট অব আর্মস অনিক হাসানসহ ক্লাবের অন্যান্য সদস্যরা।

বক্তারা এপেক্স ক্লাবের সার্বিক কর্মকাণ্ডে সন্তোষ প্রকাশ করেন এবং ক্লাবের কার্যক্রম আরও গতিশীল করার ওপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি মেহেরপুর এপেক্স ক্লাবকে খুলনা বিভাগের মধ্যে শ্রেষ্ঠ ক্লাব হিসেবে প্রতিষ্ঠিত করতে সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান।

মেহেরপুরে আমরা’৮৫ এর ইফতার ও

দোয়া মাহফিল

মেহেরপুরের সামাজিক সংগঠন আমরা’৮৫ এর উদ্যোগে সংগঠনের প্রয়াত সদস্যদের স্মরণে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার শহরের হোটেলবাজারস্থ সংগঠনের কার্যালয়ে এ ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। সংগঠনের সভাপতি মমিনুল হক জুয়েলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রয়াত সদস্যদের স্মরণে স্মৃতিচারণ করেন সহ-সভাপতি মফিজুর ইসলাম, মাসুদ রেজা, কোষাধ্যক্ষ মাহবুবুল হক মন্টু, সাবেক সভাপতি তারিকুল ইসলাম খান, সদস্য শামিমুল ইসলাম রাজ্জাক, মফিজুর রহমান, সাহাবুল ইসলাম ও বকুলসহ অন্যান্য সদস্যরা।

বক্তারা প্রয়াত সদস্যদের কর্মময় জীবনের বিভিন্ন দিক তুলে ধরেন এবং তাদের অবদান কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন।

অনুষ্ঠানের শেষপর্যায়ে সংগঠনের নির্বাহী সদস্য আবু সাইদ নাঈম তুষার দোয়া পরিচালনা করেন। দোয়ায় প্রয়াত সদস্যদের রুহের মাগফিরাত কামনা করা হয়।

মুজিবনগরে উপজেলা ছাত্রদলের ইফতার ও দোয়া মাহফিল

মুজিবনগর উপজেলা ছাত্রদলের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যায় মুজিবনগর উপজেলা বিএনপির প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত এ ইফতার মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজি।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক তফিকুল ইসলাম মিঠুন, বাগোয়ান ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক বায়েজিদ মোল্লা, যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াদ শেখ, মুজিবনগর উপজেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি ইমরান আলী, মুজিবনগর

সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ ছাত্রদলের সভাপতি রাকিব এবং সাধারণ সম্পাদক জাকারিয়া মোল্লা। এছাড়াও স্থানীয় অন্যান্য ছাত্রদলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতার ও দোয়া মাহফিলে ছাত্রদল নেতারা একত্রিত হয়ে দেশ ও জাতির কল্যাণ, যুব সমাজের উন্নয়ন ও ঐক্যবদ্ধ থাকার জন্য দোয়া ও আলোচনা করেন।

আলমডাঙ্গায় সাংবাদিকদের সঙ্গে সাবেক চেয়ারম্যান সেলিমের মতবিনিময় ও ইফতার

আলমডাঙ্গার মুন্সিগঞ্জে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও জেহালা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসিরুল ইসলাম সেলিম এ অনুষ্ঠানের আয়োজন করেন।
সোমবার বাদ আসর মুন্সিগঞ্জ বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে এ মতবিনিময় সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন জেহালা ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি তাহাজ উদ্দিন মাস্টার, দৈনিক মাথাভাঙ্গার বার্তা সম্পাদক ও দৈনিক যুগান্তরের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি ছড়াকার আহাদ আলী মোল্লা, আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের সিনিয়র সদস্য রহমান মুকুল, সিনিয়র সাংবাদিক শ্রী প্রশান্ত কুমার বিশ্বাস, ফিরোজ ইফতেখার, তানভীর সোহেল, আতিক বিশ্বাস, দৈনিক মাথাভাঙ্গার শিফট ইনচার্জ আলম আশরাফ, আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের সভাপতি নাহিদ হাসান, সহ-সভাপতি সোহেল হুদা ও আব্দুল্লাহ হক, সাধারণ সম্পাদক নাজমুল হক শাওন, যুগ্ম সাধারণ সম্পাদক অনিক সাইফুল ও তানজিদ হিরো, সাংগঠনিক সম্পাদক সঞ্জু আহমেদ, দপ্তর সম্পাদক শরিফুল ইসলাম রোকন, কোষাধ্যক্ষ শাহরিয়ার শরিফ, আইসিটি বিষয়ক সম্পাদক কাজী সোহাগ, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক রিপন আলী, কার্যনির্বাহী সদস্য সেলিম রেজা, সালাউদ্দিন মুক্তার, কলিন মোর্শেদ,

আব্দুল্লাহ আল মামুন, মহিদুল ইসলাম প্রমুখ।

অনুষ্ঠানের প্রধান অতিথি আসিরুল ইসলাম সেলিম বলেন, পরিচ্ছন্ন ভাবমূর্তি ও উজ্জ্বল ভবিষ্যতের আকাঙ্ক্ষা নিয়ে আগামী দিনে উপজেলা পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী হিসেবে নির্বাচনে অংশগ্রহণ করতে চান তিনি। তিনি বলেন, আলমডাঙ্গা উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ে তুলতে এ বৃহত্তর জনপদের মানুষের সেবা করতে চান।

তিনি আরও বলেন, অতীতে জেহালা ইউনিয়নের চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হয়ে মানুষের কল্যাণে কাজ করেছেন। আগামী দিনেও উপজেলাবাসীর সেবা করার ব্রত নিয়ে এগিয়ে যেতে চান।

এ সময় তিনি উপজেলাবাসীর দোয়া ও আশীর্বাদের পাশাপাশি সাংবাদিকদের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং আশা প্রকাশ করেন যে, নির্বাচনের দীর্ঘ সময়ে সাংবাদিকরা তার পাশে থাকবেন।

মুজিবনগরে ওয়ার্ড বিএনপির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের “সোনার বাংলাদেশ গড়ার প্রত্যয়ে” মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ড বিএনপির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকেলে আয়োজিত ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি ও মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহম্মেদ বিজন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ।

এছাড়াও উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা বিএনপির সাবেক সহসভাপতি সিরাজুল ইসলাম মোল্লা, মুজিবনগর উপজেলা যুবদলের সভাপতি আবুল

হাসান, বাগোয়ান ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক বায়জিদ মোল্লা, সাবেক ইউপি সদস্য বগা মোল্লা, সাবদার আলী ও জাকির হোসেনসহ বিএনপির নেতাকর্মীরা।

চুয়াডাঙ্গায় বাঁধন সংগঠনের বার্ষিক ইফতার ও দোয়া মাহফিল

“একটির রক্ত, অন্যের জীবন; রক্তই হোক আত্মার বাঁধন” এই প্রতিপাদ্যকে সামনে রেখে স্বেচ্ছায় রক্তদাতাদের সংগঠন বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের বার্ষিক ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেল সাড়ে পাঁচটায় বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের আয়োজনে ইংরেজি বিভাগের হলরুমে এ মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন কার্যনির্বাহী কমিটির দপ্তর সম্পাদক তামিম হোসেন।

বার্ষিক ইফতার ও দোয়া মাহফিলের আহ্বায়ক হাসিবুল হাসানের স্বাগত বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। সভাপতিত্ব করেন বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের সভাপতি রিয়াদ হাবিব।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ. কে. এম. সাইফুর রশিদ।

তিনি বলেন, “বাঁধন হলো স্বেচ্ছায় রক্তদাতাদের একটি মানবিক সংগঠন এবং বাংলাদেশের একটি বৃহৎ স্বেচ্ছাসেবী সংগঠন। বাঁধন সংগঠনে যারা কাজ করে, তারা একেকজন মানবিক মানুষ। দেশের ক্রান্তিলগ্নসহ যেকোনো পরিস্থিতিতে এই সংগঠনের স্বেচ্ছাসেবীরা অগ্রণী ভূমিকা পালন করে আসছে। রক্তদান একটি মহৎ কাজ, যা মানুষের পাশে দাঁড়িয়ে বাঁধনের স্বেচ্ছাসেবকরা করে আসছেন। শিক্ষার্থীদের তিনি আরও বলেন, পড়ালেখার পাশাপাশি মানবিক কাজেও এগিয়ে আসতে হবে এবং মানবিক কাজের সাথে যুক্ত সংগঠনগুলোর সঙ্গে সর্বদা থাকতে হবে।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক ও বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের শিক্ষক উপদেষ্টা মোঃ সফিকুল ইসলাম, ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক খন্দকার রোকনুজ্জামান, হিসাববিজ্ঞান বিভাগের অধ্যাপক আবু বক্কর সিদ্দিক, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক জাহিদুল হাসান, মাসুদ পারভেজ, হাফিজুর রহমান, মনিরুজ্জামান, সুলতান মাহমুদ, আজিম হোসেন ও মাহমুদুল হাসান।

উল্লেখ্য, বাঁধন হলো পুরো বাংলাদেশে ব্যাপী একটি শক্তিশালী স্বেচ্ছায় রক্তদাতাদের সংগঠন। বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট ২০১৭ সাল থেকে কার্যক্রম শুরু করেছে এবং বর্তমানে এটি পদ্মা জোনাল পরিষদের অন্তর্ভুক্ত।

ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠানে ছাত্র উপদেষ্টা হিসেবে উপস্থিত ছিলেন সাজেদুর রহমান, ইব্রাহিম হোসেন, আল মামুন, আজিজুর রহমান, হাফিজুর রহমান, আল মুতাকাব্বির সাকিব, মামুন আর রশিদ। এছাড়া উপস্থিত ছিলেন বাঁধন কেন্দ্রীয় পরিষদের প্রচার ও প্রকাশনা সম্পাদক মিকাইল হোসেন, বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের জোনাল প্রতিনিধি রাসেল আলী, সাধারণ সম্পাদক আবু হুরাইরা বাঁধন, সহ-সভাপতি ও বার্ষিক ইফতার ও দোয়া মাহফিলের আহ্বায়ক হাসিবুল হাসান, সামিউল ইসলাম, ইব্রাহিম, মালা, মনিরুল, আয়েশা, নাঈম, হাবিবউল্লাহ, চাঁদনী, আসিফ, ফরহাদ সহ চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষার্থীবৃন্দ ও বাঁধনের কর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে দুই সংসদ সদস্যের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল

মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য মাওলানা তাজউদ্দিন খান এবং মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোঃ নাজমুল হুদার উদ্যোগে রাজনৈতিক, প্রশাসনিক ও সমাজের বিশিষ্ট ব্যক্তিবর্গদের সম্মানে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সন্ধ্যায় মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে এ ইফতার মাহফিলের আয়োজন করা হয়। এতে বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, প্রশাসনের কর্মকর্তা, শিক্ষাবিদ ও সামাজিক ব্যক্তিত্বরা অংশ নেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও জেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজউদ্দিন খান এবং মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোঃ নাজমুল হুদা। বক্তারা মাহে রমজানের তাৎপর্য তুলে ধরে পারস্পরিক সহনশীলতা, ভ্রাতৃত্ববোধ ও দেশের কল্যাণে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবির, জেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি ইকবাল হুসাইন, রাজনৈতিক সেক্রেটারি রুহুল আমিন, মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা জামায়াতে ইসলামীর আমির সোহেল রানা, পৌর আমির সোহেল রানা ডলারসহ জেলার বিভিন্ন সরকারি ও বেসরকারি দপ্তরের কর্মকর্তারা।

ইফতার ও দোয়া মাহফিলে দেশ, জাতি ও মুসলিম উম্মাহর কল্যাণ কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। অনুষ্ঠানে সম্প্রীতি ও সৌহার্দ্যের বার্তা তুলে ধরা হয়।

এনসিপির বর্ষপূর্তি উপলক্ষে মেহেরপুরে শিশু পরিবারে ইফতার

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) প্রতিষ্ঠাবার্ষিকীর আনন্দকে আনুষ্ঠানিকতার মধ্যে সীমাবদ্ধ না রেখে সমাজের সুবিধাবঞ্চিত শিশুদের সঙ্গে ভাগাভাগি করে নেওয়ার লক্ষ্যে মেহেরপুর সরকারি শিশু পরিবারের শিশুদের সঙ্গে ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

শনিবার বিকেলে মেহেরপুর সরকারি শিশু পরিবারের প্রাঙ্গণে জেলা শাখার উদ্যোগে সেখানে বসবাসরত শিশুদের সঙ্গে আন্তরিক ইফতার

মাহফিলের আয়োজন করা হয়। এতে উপস্থিত ছিলেন এনসিপি মেহেরপুর জেলা কমিটির যুগ্ম সমন্বয়কারী আশিক রাব্বি, মো. তামিম ইসলাম, হাসনাত জামান সৈকত, মাহাবুব তৌহিদ রবিন, আব্দুস সালাম, মোহা. দারুস সালাম, ইব্রাহিম হোসেন, তাহসিনসহ অন্যান্য নেতৃবৃন্দ।

ইফতার মাহফিলে নেতৃবৃন্দ শিশুদের সঙ্গে একই সারিতে বসে ইফতার করেন এবং তাদের পড়াশোনা, দৈনন্দিন জীবন ও ভবিষ্যৎ স্বপ্ন সম্পর্কে খোঁজখবর নেন। শিশুদের উৎসাহ ও অনুপ্রেরণা দিতে তাদের পাশে থাকার আশ্বাসও দেন তারা।

আলোচনায় বক্তারা বলেন, একটি রাজনৈতিক দলের প্রকৃত শক্তি কেবল নির্বাচনী কার্যক্রমে নয়, বরং মানুষের পাশে দাঁড়ানোর মধ্যেই নিহিত। বর্ষপূর্তির এই বিশেষ দিনে এতিম ও অসহায় শিশুদের সঙ্গে সময় কাটানো তাদের জন্য সবচেয়ে বড় প্রাপ্তি। ভবিষ্যতেও এ ধরনের মানবিক কার্যক্রম অব্যাহত থাকবে বলে তারা জানান।

অনুষ্ঠানের শুরুতে শিশুদের জন্য দোয়া ও শুভকামনা জানানো হয় এবং দেশ ও জাতির কল্যাণ কামনা করা হয়। শিশুদের মুখে হাসি ও সবার মাঝে একাত্মতার অনুভূতিতে দিনটি হয়ে ওঠে আবেগঘন ও স্মরণীয়।

মেহেরপুরে সাংবাদিকদের সম্মানে জামায়াত ইসলামীর ইফতার মাহফিল

মেহেরপুরে গণমাধ্যম কর্মীদের নিয়ে ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করেন বাংলাদেশ জামায়াতে ইসলামী প্রচার ও মিডিয়া বিভাগ, মেহেরপুর শাখা।

গতকাল শনিবার বিকেল ৫টার দিকে শহরের সেভেন সেন্স রেস্টুরেন্টে ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করে বাংলাদেশ জামায়াতে ইসলামী প্রচার ও মিডিয়া বিভাগ, মেহেরপুর শাখা।

জেলা জামায়াতের প্রচার ও মিডিয়া বিভাগের সেক্রেটারি খায়রুল বাসারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

জেলা আমীর মাওলানা তাজউদ্দিন খান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা সেক্রেটারি ইকবাল হোসেন, সদর উপজেলা আমীর সোহেল রানা, জেলা কর্মপরিষদ সদস্য আল-আমিন ইসলাম বকুল, জেলা ব্যবসায়ী বিভাগ সভাপতি সাইফুল ইসলাম।

এ সময় আরো উপস্থিত ছিলেন, জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আজম, প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাংবাদিক আল-আমিন, খাঁন মোহাম্মদ রাফি, মাহাবুবুল হক পোলেন, দিলরুবা খাতুন, ফারুক মল্লিক, এস আই বাবু, আক্তার হোসেন, কামরুল হাসান, আবু রায়হান নীরব, হামিদুল হক, মিজানুর রহমান, আপু, মাসুদ, শাহিন আলম সহ স্থানীয় গণমাধ্যম কর্মীগণ উপস্থিত ছিলেন।

১৭ বছর জেল-জুলুম সহ্য করেছি বিএনপিকে বাঁচানোর জন্য – আমজাদ হোসেন

গাংনীতে বিএনপির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেলে উপজেলার হিন্দা মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে এ ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

হিন্দা গ্রাম বিএনপির সাবেক সভাপতি মোঃ শাজাহান আলীর সভাপতিত্বে অনুষ্ঠানের পূর্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সাবেক সংসদ সদস্য মোঃ আমজাদ হোসেন।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

প্রধান অতিথির বক্তব্যে আমজাদ হোসেন বলেন, “বিএনপির নেতাকর্মীরা গত ১৭ বছর ধরে আওয়ামী লীগের জুলুম ও নির্যাতনের শিকার হয়েছে। অথচ এখন বিএনপির কমিটি গঠনের সময় নিজেদের মধ্যে দ্বন্দ্ব দেখা দিচ্ছে, পিঠে চেয়ার ভাঙছে। আমরা তাহলে কোথায় যাব? যারা এতোদিন

জুলুম নির্যাতন সহ্য করে বিএনপির জন্য লড়াই করেছে, তাদের ভবিষ্যৎ কী?”

তিনি আরও বলেন, “জেলাতে আমাকে, মাসুদ অরুন এবং বাবলুকে বাদ দিয়ে কমিটি গঠন করা যাবে না। আমরা মামলা-মোকদ্দমা লড়েছি, নিজের টাকা খরচ করেছি, বিএনপিকে টিকিয়ে রাখার জন্য জীবন দিয়েছি। অথচ এখন দেখছি, বিভিন্ন জায়গায় কমিটি গঠনে বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে। যেখানেই কমিটি গঠিত হচ্ছে, সেখানেই মারামারি হচ্ছে, পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ ও সেনাবাহিনী হস্তক্ষেপ করছে।”

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন রাইপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি নাছির উদ্দীন, জেলা কৃষক দলের সদস্য সচিব মোঃ মিজানুর রহমান, উপজেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বুলবুল, সাহারবাটি ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান আসমাতারা খাতুন, পৌর বিএনপির যুগ্ম সম্পাদক খাইরুল আলম কালাম, পৌর বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক ইয়ামিন হোসেন

বাবলু, পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক আহসানুল হক সুমন, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক সুজন মাহমুদ, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হোসেন, রাইপুর ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, গাংনী বিএনপির ২ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক সুলেরী আলভী, যুবদল নেতা সাহিবুল ইসলামসহ বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা।